

রাস্কামাটিতে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রকল্প স্থগিতের প্রতিবাদে বিক্ষোভ মিছিল

রাস্কামাটি জেলা সংবাদদাতা :
রাস্কামাটিতে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
প্রকল্প স্থগিত ঘোষণার প্রতিবাদে গত বুধবার
শহরে আওয়ামী লীগ জেলা কমিটির
উদ্যোগে এক বিক্ষোভ মিছিল ও সমাবেশ
অনুষ্ঠিত হয়েছে। মিছিলে নেতৃত্ব দান করেন
স্থানীয় সাবেক এমপি দীপংকর তালুকদার।
মিছিলটি সকালে শহরের প্রধান প্রধান সড়ক
প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়
প্রাঙ্গণে এসে একটি সমাবেশের আয়োজন
করে। রাস্কামাটি জেলা আওয়ামী লীগের
সভাপতি সাবেক এমপি দীপংকর তালুকদার
এতে সভাপতিত্ব করেন। অন্যান্যদের মধ্যে
বক্তব্য রাখেন সাবেক মহিলা এমপি সুদিত্তা
দেওয়ান, সাবেক জেলা পরিষদ চেয়ারম্যান
চিংকিউ রোয়াজা এবং জেলা যুবলীগের
সভাপতি সাখাওয়াজ হোসেন রুবেল।
নেতৃত্ব প্চাপদ পাবতা জেলা
রাস্কামাটিতে গত আওয়ামী সরকারের
আমলে গৃহীত রাস্কামাটি বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় প্রকল্পের স্থগিত আদেশ
অবিলম্বে তুলে নিয়ে প্রকল্পের কাজ অব্যাহত
রাখার দাবী জানান।